

দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP. 1, 1999 ...
পৃষ্ঠা ১০ ... কলাম ৫

শিশু শ্রমিকদের জন্য ইউনিসেফের নতুন শিক্ষা কর্মসূচী

বাসস ॥ ইউনিসেফ বিশ্বের ২৯টি দেশে নতুন শিক্ষা কর্মসূচী চালু করার উদ্যোগ নিয়েছে। বাংলাদেশে ইউনিসেফের সাহায্য ও সমর্থনপুষ্ট এই ধরনের কর্মসূচীর ফলে পোশাক শিল্পের ১১ শতাংশ শিশু শ্রমিক অনানুষ্ঠানিক শিক্ষাদান ছাড়াও নানা পেশার প্রশিক্ষণ দেওয়া হয়। তন্মধ্যে ৬৫ ভাগেরও বেশী শিশু তাহাদের এই শিক্ষা ও প্রশিক্ষণ লাভের ফলে অধিকতর বেশী বেতনের কাজ পাইয়াছে। গত ৩রা সেপ্টেম্বর ইউনিসেফের

শিশু শ্রমিকদের জন্য

(৩য় পৃঃ পর)

পক্ষ হইতে প্রদত্ত ঘোষণা মোতাবেক ২৯টি দেশের ৫ হইতে ১৪ বৎসর বয়স্কের প্রায় ২৫ কোটি শিশুকে এই শিক্ষা ও প্রশিক্ষণের আওতায় আনা হইবে। এই কর্মসূচীর নাম হইতেছে শিশু শ্রমের বিরুদ্ধে প্রতিরোধক কৌশল হিসাবে শিক্ষা। বর্তমানে সার্বজনিক কাজে নিয়োজিত শিশুদের এই কর্মসূচীর আওতায় আনিয়া তাহাদের জীবনে নতুন দিশা দেওয়ার জন্য ইউনিসেফ এই কর্মসূচী হাতে নিয়েছে।